


যুগান্তর

চৌগাছা সরকারি কলেজ

প্রভাষকের নিবন্ধন সনদ জালিয়াতির সত্যতা মিলেছে

কর্তৃপক্ষকে এনটিআরসিএ'র চিঠি

প্রকাশ : ২৮ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যশোর ব্যুরো

চৌগাছা সরকারি কলেজের ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক তরিকুল ইসলামের বিরুদ্ধে নিবন্ধনের জাল সনদে চাকরি করার অভিযোগের সত্যতা পেয়েছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে স্থানীয় থানায় মামলা করার জন্য ৬ অক্টোবর কলেজ কর্তৃপক্ষকে চিঠি দিয়েছেন এনটিআরসিএ'র সহকারী পরিচালক তাজুল ইসলাম। চিঠির অনুলিপি চৌগাছা থানায়ও পাঠানো হয়েছে।

জানা যায়, তরিকুল ইসলাম রিপন ২০০৯ সালে অনুষ্ঠিত পঞ্চম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ দেখিয়ে ২০১১ সালে চৌগাছা ডিগ্রি কলেজের কারিগরি শাখার ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক পদে নিয়োগ পান। ওই বছরই তিনি এমপিওভুক্ত হন। শিক্ষক নিবন্ধন পরীক্ষায় তার রোল নম্বর ছিল ৪২৩১২৬০০, রেজি. নং-৯০০৩১১। পরবর্তী সময়ে চৌগাছা ডিগ্রি কলেজ জাতীয়করণ হয়।

সর্বশেষ ৬ অক্টোবর এনটিআরসিএ'র সহকারী পরিচালক (পমূপ্র-৩) তাজুল ইসলাম স্বাক্ষরিত এক চিঠিতে ১৫ জন নিবন্ধনধারীর সনদপত্র যাচাইয়ের তথ্য নিশ্চিত করা হয়েছে। ওই তালিকার ১০ নম্বর ক্রমিকে থাকা তরিকুল ইসলামের নিবন্ধন সনদ সঠিক নয় বলে উল্লেখ করা হয়েছে। আরও বলা হয়েছে, তিনি আবশ্যিক বিষয়ে পেয়েছিলেন ৩০ নম্বর ও ঐচ্ছিক বিষয়ে পান ৩৬ নম্বর। তিনি নিবন্ধন সনদ জালিয়াতির মাধ্যমে নিয়োগ পেয়েছেন। তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে চৌগাছা সরকারি কলেজের অধ্যক্ষকে চিঠি দেয়া হয়েছে। একই সঙ্গে চৌগাছা থানার অফিসার ইনচার্জকে চিঠির অনুলিপি দেয়া হয়েছে। অভিযোগ প্রসঙ্গে জানতে তরিকুল ইসলামের ব্যক্তিগত মোবাইল ফোনে একাধিকবার কল দিলেও তিনি রিসিভ করেননি। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ রফিকুল ইসলাম বলেন, গত সপ্তাহে এনটিআরসিএ'র চিঠি পেয়েছি। ব্যক্তির দায় অধ্যক্ষ কিংবা প্রতিষ্ঠান বহন করবে না। অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেয়া হবে। জাল সনদের বিষয়ে এনটিআরসিএ'র চিঠি এখনও হাতে পাননি বলে জানান চৌগাছা থানার ওসি রিফাত খান রাজীব।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।